গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
আইসিটি শাখা
www.noakhali.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.১৪.০০৯.১৮.৩৩৭ — তারিখ: ৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

বিষয়: **'ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২০' উপলক্ষে জাতীয় পর্যায়ে আয়োজিত অনলাইন রচনা প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এর ১৫ ডিসেম্বর, ২০১৯ তারিখের ১৪.৩০.০০০০.২১০.২৩.৯৪৬.১৯.০৬ নম্বর ডি ও পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত ডি ও পত্রের পরিপ্রেক্ষিতে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলযোগাযোগ বিভাগের আয়োজনে আগামী **১৬-১৮ জানুয়ারি, ২০২০ তারিখ** বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিতব্য **'ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২০'** উপলক্ষে জাতীয় পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানের অংশ হিসেবে ওয়েবসাইটে (www.telecomdept.gov.bd) প্রদত্ত নিয়মাবলী অনুসরণপূর্বক নিম্নরূপ **অনলাইন রচনা প্রতিযোগিতার** আয়োজন করা হয়েছে।

| অনলাইন রচনা প্রতিযোগিতার বিষয় | প্রতিযোগীর বিবরণ | অনলাইনে রেজিস্ট্রেশনের সর্বশেষ তারিখ |
|---|---|---|
| সামাজিক যোগাযোগ মাধ্যমে সুষ্ঠু ব্যবহার। | **ক-গ্রুপ:** স্কুল পর্যায়ের শিক্ষার্থীগণ (৬ষ্ঠ থেকে ১০ম) (বাংলায় অনধিক ১০০০ শব্দ) | আগামী ২৩/১২/২০১৯ ডিসেম্বর রাত ১২:০০টার মধ্যে www.telecomdept.gov.bd- এর ওয়েবসাইট এর নির্দিষ্ট Link Page এ অনলাইনে গ্রুপের নাম উল্লেখ পূর্বক রচনার সফট কপি আপলোড করতে হবে। |
| সমৃদ্ধির অগ্রযাত্রায় ডিজিটাল বাংলাদেশ। | **খ-গ্রুপ:** কলেজ বা বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের শিক্ষার্থীগণ (বাংলা বা ইংরেজিতে অনধিক ১৫০০) | |

০২। উক্ত অনলাইন রচনা প্রতিযোগিতায় জমাকৃত রচনাবলী যথোপযুক্ত পর্যালোচনা পূর্বক প্রতি গ্রুপে তিন জন করে (১ম, ২য় ও ৩য়) মোট ছয় জনকে **'ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২০'** উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত অনলাইন রচনা প্রতিযোগিতায় অত্র জেলার শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য এতদ্‌সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নিয়মাবলী আপনার অধিক্ষেত্রের সকল শিক্ষা প্রতিষ্ঠান'কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** বর্ণনামতে ৩ (তিন) ফর্দ।

১৯-১২-২০১৯
সৈকত রায়হান
সহকারী কমিশনার
ফোন: +৮৮০১৭৩২-৯৩৪০৩৪
ইমেইল:
acictnoakhali@mopa.gov.bd

বিতরণ :
১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী
২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নোয়াখালী

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.১৪.০০৯.১৮.৩৩৭/১(৮)

তারিখ: ৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, টেলিযোগাযোগ অধিদপ্তর

২) পরিচালক, প্রশাসন অনুবিভাগ, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম

৪) জেলা প্রশাসক, নোয়াখালী

৫) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, নোয়াখালী

৬) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, নোয়াখালী [পত্রটি এদ্‌সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নিয়মাবলীসহ জেলা তথ্য বাতায়নে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]

৭) সহকারী প্রোগ্রামার (সকল), নোয়াখালী [উপজেলা পর্যায়ের সকল অফিস ও ইউনিয়নসমূহের পোর্টাল এ এতদ্‌সংক্রান্ত বিজ্ঞপ্তি ও নিয়মাবলী প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।]

৮) অফিস নথি

১৯-১২-২০১৯
সৈকত রায়হান
সহকারী কমিশনার

DOT

DIGITAL BANGLADESH


**মহাপরিচালক**
টেলিযোগাযোগ অধিদপ্তর
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
**Web:** www.telecomdept.gov.bd
**Email:** dg.dot@telecomdept.gov.bd
ফোন: +৮৮০ ২ ৯৮৩০৯১১
ফ্যাক্স:+৮৮০ ২ ৯৮৩০৯৮০


ডি ও পত্র নং-১৪.৩০.০০০০.২১০.২৩.৯৪৬.১৯.০৬ তারিখ: ১৫ ডিসেম্বর ২০১৯

**প্রিয়,**

শুভেচ্ছা নিবেন। আপনি জেনে আনন্দিত হবেন যে, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আয়োজনে আগামী ১৬-১৮ জানুয়ারি ২০২০ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে 'ডিজিটাল বাংলাদেশ মেলা-২০২০' অনুষ্ঠিত হবে। উক্ত মেলার অংশ হিসাবে ডিজিটাল বাংলাদেশ সংক্রান্ত রচনা প্রতিযোগিতার আয়োজন রয়েছে। গত ৫ ডিসেম্বর ও ১১ ডিসেম্বর ২০১৯ তারিখে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জব্বার এর সভাপতিত্বে মেলার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় অধিক সংখ্যক অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে, সকল জেলার জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে রচনা প্রতিযোগিতার বিষয়ে অবহিত করার জন্য মাননীয় মন্ত্রী নির্দেশনা প্রদান করেন।

২। রচনা প্রতিযোগিতার বিষয়ে আপনার অধিক্ষেত্রের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি এবং নিয়মাবলী এতদ্‌সংগে সংযুক্ত করা হল।

৩। এ বিষয়ে আপনার সহযোগিতা কামনা করছি।

আন্তরিকভাবে আপনার


(মোঃ মহসিনুল আলম)
মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর
ফোন: : +৮৮০ ২ ৯৮৩০৯১১
ই-মেইল: dg.dot@telecomdept.gov.bd


জেলা প্রশাসক (সকল)

.........................................।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা ঢাকা-১২০৮।

DOT
ডিপার্টমেন্ট অফ
টেলিকমিউনিকেশন্স

নং-১৪.৩০.০০০০.২১০.২৩.৯৪৬.১৯.

তারিখ: ১২ -১২-২০১৯খ্রিঃ।

# ডিজিটাল মেলা-২০২০ উপলক্ষে অনলাইন রচনা প্রতিযোগিতা

আগামী ১৬ থেকে ১৮ জানুয়ারী ২০২০ সালে জাতীয়ভাবে ডিজিটাল মেলা-২০২০ পালিত হচ্ছে। এ উপলক্ষে জাতীয় পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানমালার অংশ হিসেবে নিম্নরুপ রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

| অনলাইন রচনা প্রতিযোগিতার বিষয় | প্রতিযোগীর বিবরণ | অনলাইনে রেজিস্ট্রেশনের সর্বশেষ তারিখ |
|---|---|---|
| সামাজিক যোগাযোগ মাধ্যমে সুষ্ঠু ব্যবহার। | ক গ্রুপ : স্কুল পর্যায়ের শিক্ষার্থীগণ (৬ষ্ঠ থেকে দশম) (বাংলায় অনধিক ১০০০ শব্দ) | আগামী ২৩/১২/২০১৯ ডিসেম্বর রাত ১২:০০ টার মধ্যে www.telecomdept.gov.bd এর ওয়েবসাইট এর নির্দিষ্ট Link Page -এ অনলাইনে গ্রুপের নাম উল্লেখ পূর্বক রচনার সফট কপি আপলোড করতে হবে। |
| সমৃদ্ধির অগ্রযাত্রায় ডিজিটাল বাংলাদেশ। | খ গ্রুপ : কলেজ বা বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের শিক্ষার্থীগণ (বাংলা বা ইংরেজীতে অনধিক ১৫০০ শব্দ) | |

অনলাইন রচনা প্রতিযোগিতার বিস্তারিত নিয়মাবলী www.telecomdept.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। জমাকৃত রচনাবলী যথোপযুক্ত পর্যালোচনা পূর্বক প্রতি গ্রুপে তিন জন করে (১ম, ২য় ও ৩য়) মোট ছয় জনকে ডিজিটাল মেলা -২০২০ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে পুরস্কৃত করা হবে।

12/12/2019

(সঞ্জিব কুমার ঘটক)
পরিচালক (প্রশাসন)
টেলিযোগাযোগ অধিদপ্তর
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্পাঞ্চল
ঢাকা-১২০৮।
ও
সদস্য সচিব
অনলাইন রচনা প্রতিযোগিতা উপ-কমিটি
ফোন- ৯৮৩০৩৯৯
ফ্যাক্স- ৯৮৩০৯৮০

DOT
ডিপার্টমেন্ট অফ
টেলিকমিউনিকেশন্স

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

## অনলাইন রচনা প্রতিযোগিতার নিয়মাবলী

১। আগ্রহী প্রতিযোগীকে টেলিযোগাযোগ অধিদপ্তরের Website-র প্রদত্ত লিংকের মাধ্যমে নিবন্ধন করতে হবে।

২। রচনার আকার সর্বোচ্চ ক-গ্রুপের জন্য ১০০০ শব্দ ও খ- গ্রুপের জন্য ১৫০০ শব্দ ।

৩। একজন একাধিক রচনা আপলোড করলে সবগুলোই বাতিল হিসাবে গণ্য হবে।

৪। রচনা বিষয় ভিত্তিক হতে হবে। প্রয়োজনীয় চিত্র, লেখচিত্র ইত্যাদি সংযুক্ত করা যেতে পারে। রচনার প্রথম পৃষ্ঠা হবে শিরোনাম পৃষ্ঠা ( Front Page) যেখানে নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ রচনার নাম ও বিভাগ এবং শিক্ষা প্রতিষ্ঠানের ঠিকানা উল্লেখ করতে হবে এবং পরবর্তী পৃষ্ঠা থেকে রচনা শুরু করতে হবে।

৫। বাংলা রচনা Nikosh অথবা Sutonny MJ অথবা Vagirothi MJ Front -এ এবং ইংরেজী রচনা Times New Roman অথবা Arial Front-এ পাঠাতে হবে। Front Size বারো হবে এবং একই প্যারাগ্রাফের দুই লাইনের মধ্যে Single Space থাকবে। পৃষ্ঠার মার্জিন চারদিকেই ১ (এক) ইঞ্চি রাখতে হবে।

৬। রচনা নিজেকেই লিখতে হবে এবং সততা রক্ষা করা বাঞ্ছনীয় ।

৭। লেখককে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং বাংলাদেশে অবস্থান করতে হবে।

৮। রচনার মূল্যায়ন ( Evaluation) পদ্ধতি, ফলাফল ও পুরস্কার বিতরণের বিষয়ে সংশ্লিষ্ট সাব কমিটির (কর্তৃপক্ষ) সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। কোন ধরণের অসদুপায় বা নিয়ম কানুনের ব্যত্যয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে কোন রচনা যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা রাখে।

১০। সংশ্লিষ্ট ওয়েব সাইটে অথবা ই-মেইলে যে কোন ধরণের সাইবার আক্রমন, ভাইরাস প্রেরণ অথবা অন্য কোন সাইবার অপরাধমূলক কার্যকলাপের ক্ষেত্রে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।